

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)  
নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/২০২১/০৬৮

তারিখঃ ২২ জুন, ২০২১

অনলাইনে পরীক্ষার ফর্ম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইনস্টিটিউটের সকল ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগের সকল স্তরের টার্ম-২ পরীক্ষা-২০২০ এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের টার্ম-১ পরীক্ষা-২০২০ এর ফর্ম পূরণ অনলাইনে সম্পন্ন হবে।

**ফর্ম পূরণের নির্দেশনাঃ**


১. ফর্ম পূরণের পূর্বঘোষিত সময়সীমার মধ্যে প্রযোজ্য পরীক্ষার ফি ও টিউশন ফি নিকটস্থ যেকোনো ব্যাংক শাখা হতে নিম্নলিখিত যেকোনো ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে।
  ২. টার্ম-২ এর ফর্ম পূরণের জন্য পূর্ববর্তী বকেয়াসহ সংশ্লিষ্ট শিক্ষা বছরের ৪টি কিস্তির টিউশন ফি আবশ্যিক ভাবে পরিশোধ করতে হবে।
  ৩. ছাত্র-ছাত্রীদের অনলাইনে পূরণকৃত পরীক্ষার ফর্ম ইনস্টিটিউট যথাযথভাবে যাচাই-বাছাই করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবে।
  ৪. কোনো ছাত্র-ছাত্রী টিউশন ফি ও পরীক্ষার ফি নিয়মানুযায়ী জমা না দিলে তার পরীক্ষার ফর্ম ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হবে না।
  ৫. টিউশন ফি ও পরীক্ষার ফি জমা প্রদানের ব্যাংক রশিদের মূল কপি স্ক্যান করে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটরের ই-মেইলে প্রেরণ করতে হবে।
  ৬. টিউশন ফি সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতে নিটারের হিসাব শাখায় উক্ত ব্যাংক রশিদের মূল কপি আবশ্যিকভাবে জমা দিতে হবে।
  ৭. ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী সম্পূর্ণ তথ্য দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে সকল ছাত্র-ছাত্রীদেরকে অনলাইনে ফর্ম পূরণ করতে হবে।
- উল্লেখ্য, অনলাইনে ফর্ম পূরণের বিষয়ের ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা শীঘ্রই ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**ব্যাংক হিসাব ও শাখাঃ**

ক্রম.	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	হিসাবের নাম
১.	ডাচ বাংলা ব্যাংক লিঃ	সাভার পল্লী বিদ্যুৎ শাখা	২৭০১১০০০০২০৬২	ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
২.	এক্সিম ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০৮১১১১০০০৩৫০৬৯	
৩.	জনতা ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০১০০১০৬৪৯৬৭৯৪	

**পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :**

ক্রম.	ছাত্র-ছাত্রীর ধরণ	মেট টাকা
ক.	নিয়মিত পরীক্ষার্থীর ফি	৪,৭৫০/-
খ.	কোন টার্ম এ অকৃতকার্য /কোন টার্ম এ কোন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর ফি	৫,৫০০/-
গ.	রিটেক পরীক্ষার ফিঃ ১ বিষয় অথবা ২ বিষয়	৫,৫০০/-
ঘ.	রিটেক পরীক্ষার ফিঃ ৩ বিষয় বা তদূর্ধ্ব বিষয়	৭,০০০/-

  
২২/০৬/২০২১  
দেলোয়ার হোসেন

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

**অবগতি জন্য অনুলিপিঃ**

- ১। সকল কোর্স কো-অর্ডিনেটর, নিটার (ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণের জন্য)।

**বিতরণঃ**

- ১। এডভাইজার অফিস (উপদেষ্টা মহোদয়ের অবগতির জন্য)
- ২। অধ্যক্ষ অফিস, নিটার (অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)
- ৩। হিসাব শাখা, নিটার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৪। রেজিস্ট্রার দপ্তর, নিটার
- ৫। ওয়েবসাইট, নিটার
- ৬। অফিস নথি।